

শুধু নারীর পোশাকে নয়, দৃষ্টিভঙ্গিতেও শালীনতা দরকার বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী দীপু মনি। সম্প্রতি নারীর পোশাক নিয়ে শালীনতার প্রশ্ন তোলার পরিপ্রেক্ষিতে এ মন্তব্য করেন তিনি। গতকাল বুধবার ঢাকা কলেজ আয়োজিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবসের আলোচনাসভায় তিনি এ মন্তব্য করেন।

শিক্ষামন্ত্রী বলেন, বারবার প্রশ্ন তোলা হয় আমি বাঙালি না মুসলমান? এ প্রশ্নের মীমাংসা তো আগেই হয়ে গেছে। আমি বাঙালিও, মুসলমানও। আমার ধর্ম আমার জাতীয় পরিচয়ের সঙ্গে সাংঘর্ষিক কিছু নয়। নানাভাবে শালীনতার প্রশ্ন তোলা হয়, শালীনতা কি শুধু নারীর পোশাকে সীমাবদ্ধ? শালীনতা শুধু পোশাকে নয়, আচার-আচরণ, কথা-কাজ, দৃষ্টিভঙ্গি, চিন্তার মধ্যে শালীনতা দরকার, যা প্রত্যেকটি মানুষের জন্য প্রযোজ্য।

advertisement

মন্ত্রী বলেন, যারা প্রশ্ন তোলেন তারা জাতিকে বিভ্রান্ত করার জন্য প্রশ্ন তোলেন। শিক্ষার্থীদের এ বিষয়ে সতর্ক থাকতে হবে, সজাগ থাকতে হবে। এই ভূখি- অনেক ধরনের, ভাষার মানুষ এসেছে। অনেক সংস্কৃতির মানুষ এসেছে। সবাইকে নিয়ে আমরা একটা শান্তি ও সম্প্রীতির সমাজ তৈরি করেছি। আমরা সেই ঐতিহ্য কেন ভুলে যাব?

প্রধান অতিথি হিসেবে বক্তব্যে দীপু মনি আরও বলেন, দেশভাগের ঠিক আগে বঙ্গবন্ধুর রাজনৈতিক গুরু হোসেন শহীদ সোহরাওয়ার্দী ও শরৎ বোসের সঙ্গে মিলে একটি যুক্ত স্বাধীন বাংলার প্রস্তাব দিয়েছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। কিন্তু যখন একেবারেই ধর্মের ভিত্তিতে দুভাগ হয়ে ভারত এবং পাকিস্তান হলো, সেই আন্দোলনে তিনি যুক্ত ছিলেন। তিনি স্বাধীন বাংলার প্রস্তাব করেছিলেন, কিন্তু নানা কারণে সন্তুষ্ট হয়নি। সেটি হলে এই উপমহাদেশের সমাজচিত্রটা ভিন্ন হতো। নিজস্ব প্রতিবেদক